গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.২৭.০০১.২০.৩০৮

তারিখ: ০৯ চৈত্র ১৪২৭ / ২৩ মার্চ ২০২১

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সাইফুল বিন জলিল, পিতা: মরহুম মোঃ আবদুল জলিল, বাড়ি নং-৫০, বজ্রপুর (মৌলভীপাড়া), আদর্শ সদর, কুমিল্লা, কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৫ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর;

যেহেতু, জনাব সাইফুল বিন জলিল গত ১৯ মার্চ ২০২১ তারিখে কুমিল্লা মহানগরীর চকবাজার এলাকায় বাংলাদেশ আওয়ামী যুবলীগের একটি মিছিলে স্থানীয় যুবলীগ সদস্য জনাব রোকন উদ্দিন রুকন-কে গাড়িচাপা দিয়ে হত্যাচেষ্টা করেন মর্মে বিভিন্ন জাতীয় ও স্থানীয় সংবাদ মাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে;

যেহেতু, তিনি কুমিল্লা শহরস্থ তেলিকোনা চৌমুহনী এলাকায় একটি পেট্রোল পাম্পে দুই হাতে দুটি দেশীয় অস্ত্র নিয়ে আনন্দ প্রকাশ করে নৃত্য করেন, যা একটি ভিডিও বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়েছে;

যেহেতু, উক্ত অভিযোগে জনাব রোকন উদ্দিন বাদী হয়ে কুমিল্লা কোতয়ালি মডেল থানায় ফৌজদারী মামলা নং ৫৮, তারিখ: ২০ মার্চ ২০২১ দায়ের করেন এবং উক্ত মামলায় পুলিশ কর্তৃক অভিযুক্ত জনাব সাইফুল বিন জলিল-কে গ্রেফতার করা হয়েছে এবং বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক তাকে কারাগারে প্রেরণ করা হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ এর উপ-ধারা (১)(ঘ) অনুযায়ী সিটি কর্পোরেশনের কোন কাউন্সিলর 'অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহার' এর দায়ে দোষী সাব্যস্ত হলে তিনি উক্ত পদ হতে অপসারণযোগ্য হবেন;

যেহেতু, উক্ত কাউন্সিলরের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহার' -এর অভিযোগ তদন্তের জন্যে ইতোমধ্যে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে; এবং

যেহেতু, উল্লিখিত অপসারণযোগ্য অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ হওয়ায় স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ এর অধীনে কার্যক্রম শুরুর পরিপ্রেক্ষিতে উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী তাকে কাউন্সিলর পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে।

সেহেতু, উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ এর অধীনে কার্যক্রম শুরু করায় উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৫ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব সাইফুল বিন জলিল-কে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩.০৩.২০২১

নুমেরী জামান
উপসচিব
ফোন: ৯৫৭৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

নম্বর: ৪৬.০০.০০০০.২৭.০০১.২০.৩০৮/১(২০) তারিখ: ০৯ চৈত্র ১৪২৭ / ২৩ মার্চ ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৪. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. জেলা প্রশাসক, কুমিল্লা
৮. উপ পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১২. জনাব সাইফুল বিন জলিল, পিতা: মরহুম মোঃ আবদুল জলিল, বাড়ি নং-৫০, বজ্রপুর (মৌলভীপাড়া), আদর্শ সদর, কুমিল্লা, কাউন্সিলর (সাময়িক বরখাস্তকৃত), ১৫ নং সাধারণ ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন।

26.06.2021

নুমেরী জামান
উপসচিব